**Times Today BD**

জেলা প্রতিনিধি | বাংলাদেশ | 21 April, 2025

ঠাকুরগাঁওয়ের বাঁশ বাগান থেকে হাত-পা বাঁধা অবস্থায় খায়রুন আক্তার (২৭) নামে এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার (২১ এপ্রিল) সকালে জেলার বালিয়াডাঙ্গী উপজেলার কালমেঘ এলাকার সনগাঁও এলাকা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, একটি বাঁশ বাগানের পাশে মরদেহটি পড়েছিল।স্থানীয়রা সকালে চলাফেরার সময়ে তা দেখতে পেয়ে বালিয়াডাঙ্গী থানা পুলিশকে খবর দেয়।খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে এসে হাত-পা বাঁধা অবস্থায় ওই নারীর মরদেহ উদ্ধার করে।পুলিশের পাশাপাশি সিআইডি ও পিবিআইসহ বেশ কয়েকটি সংস্থা নিহতের তথ্য উদঘাটনে কাজ করছে।

স্বজনদের অভিযোগ, সাত বছর আগে বালিয়াডাঙ্গী উপজেলার দুওসুও ইউনিয়নের সনগাঁও গ্রামের তাজমুল ইসলামের সঙ্গে বিয়ে হয় একই ইউনিয়নের জিয়াখোর গ্রামের খায়রুন আক্তারের সঙ্গে।বিয়ের পর ওই দম্পতির কোনো সন্তান জন্ম না নেয়ায় মাঝেমধ্যেই ঝগড়া বিবাদ হতো।এরই জেরে তাকে মেরে হাত-পা বেঁধে বাড়ির পাশের একটি বাঁশ বাগানের নিচে ফেলে রাখা হয়।এমন হত্যাকাণ্ডের বিচার দাবি করেন স্বজনরা।

এ বিষয়ে বালিয়াডাঙ্গী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শওকত আলী সরকার জানান, হাতা-পা বাঁধা অবস্থায় এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।পরে ময়নাতদন্তের জন্য মরদেহ ঠাকুরগাঁও জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।নিহত পরিবারের পক্ষ থেকে মামলা

করবে জানিয়েছে।মামলা হলেই আইনি অন্যান্য পদক্ষেপ নেয়া হবে।

ঠাকুরগাঁও বাঁশ বাগান পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:59

URL: https://www.timestodaybd.com/bangladesh/8671391164